অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

তারা যা বলছেন: স্টেটজুড়ে স্কুলগুলোতে স্মার্টফোন ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার জন্য গভর্নর হোকল-এর জোরালো পদক্ষেপের প্রতি নির্বাচিত কর্মকর্তা, শ্রমিক নেতা, স্কুলের অ্যাডমিনিস্ট্রেটর ও কমিউনিটি অ্যাডভোকেটদের সমর্থন প্রকাশ

গতকাল, 2026 অর্থবছরের নির্বাহী বাজেট প্রস্তাবের অংশ হিসেবে নিউ ইয়র্কে মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত স্কুল নিশ্চিত করার জন্য তার আইনি প্রস্তাব উত্থাপন করার পরে, গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) স্টেটজুড়ে K-12 স্কুলগুলোতে স্মার্টফোনের ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার জন্য তার জোরালো পদক্ষেপের সূচনা করেছেন। গত এক বছর ধরে শিক্ষার্থী, বাবা-মা, শিক্ষক, সামাজিক ন্যায়বিচারের সমর্থক এবং আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের মতামত শোনার জন্য, যাদের সবাই এই প্রচেষ্টার অংশ হয়ে থাকবেন, স্টেটব্যাপী তার ট্যুর এই প্রস্তাবকে অবহিত করেছে বলে গভর্নর আলোকপাত করেছেন।

স্টেট সিনেটর এবং সিনেটের শিক্ষা বিষয়ক কমিটির সভাপতি, Shelley B. Mayer (শেলি বি. মায়ের) বলেন, "আমাদের স্কুলগুলোতে এবং আমাদের শিক্ষার্থীদের উপর মোবাইল ফোন ব্যবহারের গুরুতর ক্ষতিকর প্রভাব মোকাবেলা করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রচেষ্টাকে আমি সাধুবাদ জানাই। মোবাইল ফোন ব্যবহার করা এবং মনোযোগ বিক্ষিপ্ত হওয়ার কারণে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও অ্যাকাডেমিক সাফল্যের ক্ষেত্রে অবনতি এবং মনোযোগ দেওয়ার সক্ষমতা কমে যাওয়া, সামাজিক ইন্টারঅ্যাকশন কমে যাওয়া, এবং মানসিক চাপের মধ্যে আমরা গুরুত্বপূর্ণ সংযোগ দেখতে পেয়েছি। এই পরিকল্পনা বাস্তবায়নের জন্য অতিরিক্ত সংস্থানসমূহ প্রয়োজন হবে এই বিষয়টি গভর্নরের উপলব্ধি করতে পারাকেও আমি প্রশংসা করি। ডিস্ট্রিক্টগুলো যাতে তাদের শিক্ষার্থী, কর্মী, ও কমিউনিটিগুলোর জন্য সবচেয়ে ভালোভাবে কাজ করবে এমন উপায়ে এই পরিকল্পনা বাস্তবায়ন করতে পারার মতো নমনীয়তা পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমি গভর্নর এবং আমার সহকর্মীদের সঙ্গে কাজ করার প্রত্যাশা রাখি।"

সিনেটর Brad Hoylman-Sigal (ব্র্যাড হয়েলম্যান-সিগাল) বলেন, "14 বছর বয়সী এক কন্যার পিতা হিসেবে, শিক্ষার পরিবেশে ফোন কিভাবে একটি প্রতিবন্ধকতা হয়ে উঠেছে তা আমি বুঝি। এসব ডিভাইস তরুণ ব্যক্তিদের মানসিক স্বাস্থ্য এবং মনোযোগ দেওয়ার ব্যাপারে তাদের সক্ষমতার ক্ষেত্রে সুস্পষ্ট প্রভাব ফেলে। সেকারণেই শিক্ষার্থীরা ক্লাসরুমে থাকার সময় মোবাইল ফোন ও স্মার্ট ডিভাইসগুলোর ব্যবহার নিষিদ্ধ করার জন্য আমি এবছরের শুরুতে আইন প্রণয়ন করেছিলাম। এই সমস্যার তীব্রতাকে স্বীকৃতি দেওয়া এবং তার নির্বাহী বাজেটে এধরনের ভাষা

অন্তর্ভুক্ত করার জন্য আমি গভর্নর Hochul (হোকল)-এর প্রশংসা করি। এছাড়াও আমি সাধুবাদ জানাই যে তার উদ্যোগে বাবা-মায়ের নিরাপত্তা সংক্রান্ত উদ্বেগকে বিবেচনা করা হয়েছে এবং তারপরেও শিশুরা স্কুলে যাওয়া ও স্কুল থেকে আসার সময় তাদের ফোন ব্যবহার করার অনুমতি পাবে। 25-26 অর্থবছরের বাজেটে গভর্নরের এই প্রস্তাবের সমর্থনে ভোট দেওয়ার জন্য আমি অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

অ্যাসেম্বলি সদস্য Michaelle Solages (মাইকেলি সোলাগেস) বলেন, "আমাদের শিক্ষার্থীদের একাডেমিকভাবে সমৃদ্ধি অর্জন করার জন্য মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত একটি শিক্ষার পরিবেশ তৈরি করা অপরিহার্য। স্কুলগুলোতে স্মার্টফোন ব্যবহারের জন্য সুস্পষ্ট নির্দেশনা নির্ধারণ করে দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-এর পরিকল্পনা শিক্ষাকে অগ্রাধিকার দেওয়ার পাশাপাশি কেয়ারগিভারদের জন্য অ্যাক্সেসযোগ্যতার বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে সঠিক ভারসাম্য বজায় রাখবে। এই উদ্যোগ ক্লাসরুমে শিক্ষার্থীর সম্পৃক্ততা, মানসিক সুস্থতা, ও সাফল্য উন্নত করার ক্ষেত্রে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

অ্যাসেম্বলি সদস্য Harvey Epstein (হার্ভে এপস্টিন) বলেন, "সরকারি কর্মকর্তা, শিশুরোগ বিশেষজ্ঞ, মানসিক স্বাস্থ্য পেশাজীবী, ও শিক্ষকরা ক্রমশ সম্মত হচ্ছেন যে স্কুলগুলোতে মোবাইল ফোন ব্যবহার করাটা শিক্ষার্থীদের শেখার প্রতি মনোযোগ দেওয়ার সক্ষমতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করে এবং তাদেরকে মনোযোগ বিক্ষিপ্ত করার মতো এমন জিনিসগুলোর সংস্পর্শে নিয়ে আসে যেগুলো তাদের মানসিক স্বাস্থ্যের ক্ষতি করতে পারে। ডিস্ট্রিক্টগুলোকে ক্লাসরুমে পাঠদানের সময় মোবাইল ফোন ব্যবহার করা নিষিদ্ধ করার একটি নীতিমালা গ্রহণ করার নির্দেশ দেওয়ার ব্যাপারে গভর্নরের সদিচ্ছাকে আমি সাধুবাদ জানাই। আমাদেরকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আমাদের স্কুলগুলো এমন স্থান হয়ে থাকবে যা শিক্ষা গ্রহণের উন্নতি করবে এবং শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্যকে সুরক্ষিত রাখবে।"

অ্যাসেম্বলিম্যান Charles Fall (চার্লস ফল) বলেন, "দুই কন্যার পিতা হিসেবে, আমি দেখেছি যে আমাদের দৈনন্দিন জীবনে স্মার্টফোনের ব্যবহার কতটা ব্যাপক হতে পারে এবং কিভাবে এটি আমাদের শিশুদের মনোযোগ দেওয়ার সক্ষমতাকে এবং তাদের চারপাশের জগতের সাথে সংযুক্ত হওয়ার সক্ষমতাকে প্রভাবিত করছে। স্কুলগুলোতে স্মার্টফোনের ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাব, আমাদের ক্লাসরুমগুলো যাতে শিক্ষা গ্রহণ, সৃজনশীলতা, ও ব্যক্তিগত সমৃদ্ধির একটি স্থান হিসেবে বিদ্যমান থাকে সে বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে একটি সুচিন্তিত, প্রমাণ ভিত্তিক পদক্ষেপ। এই উদ্যোগে শিক্ষার্থীদের মানসিক স্বাস্থ্য ও একাডেমিক সাফল্যকে সবার আগে বিবেচনা করা হয়েছে, এবং আমাদের স্কুল ও পরিবারগুলোর জন্য একটি অধিকতর উজ্জ্বল ভবিষ্যত তৈরি করতে এই প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য Yudelka Tapia (ইউডেলকা টাপিয়া) বলেন, "স্কুলগুলোতে মোবাইল ফোনের ব্যবহার সীমিত করার জন্য গভর্নরের প্রস্তাব শিক্ষার্থী ও শিক্ষক উভয়ের জন্য মানসিক স্বাস্থ্য উন্নত করার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। শিক্ষা গ্রহণ ও সৃজনশীলতা সমৃদ্ধ হতে পারে এমন একটি পরিবেশ তৈরি করার মাধ্যমে এই উদ্যোগ আধুনিক শিক্ষার মূল চ্যালেঞ্জগুলোর মধ্যে একটিকে মোকাবেলা করছে। এসব পরিবর্তন ফলপ্রসূভাবে বাস্তবায়ন

করতে স্কুলগুলোকে সহায়তা করার জন্য বাজেট থেকে বরাদ্দ প্রদান করার বিষয়টিকে আমি বিশেষভাবে সাধুবাদ জানাই। ইতোমধ্যে এই নীতিমালা গ্রহণ করেছে এমন স্কুলগুলোতে ইতিবাচক ফলাফল দেখা যাচ্ছে, যা স্টেটজুড়ে সাফল্য অর্জনের ব্যাপারে এই মডেলের সম্ভাবনাকে প্রমাণ করছে। একসঙ্গে, আমরা সবার জন্য উন্নত শিক্ষার ফলাফল এবং আরো স্বাস্থ্যকর একটি স্কুলের পরিবেশ নিশ্চিত করতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য Bill Conrad (বিল কনরাড) বলেন, "চারটি অল্পবয়সী শিশুর বাবা এবং 20 বছর ধরে কর্মরত একজন শিক্ষক হিসেবে, আমি শিক্ষার্থীদের উপর মাত্রাতিরিক্ত মোবাইল ফোন ব্যবহারের ক্ষতিকর প্রভাব সরাসরি প্রত্যক্ষ করেছি। প্রতিনিয়ত বিভিন্ন অ্যালার্ট, অবিরত টেক্সটিং, নিজেদের সোশ্যাল মিডিয়ার প্রতি অতিমনোযোগ, এবং সাইবার হয়রানির শিকার হওয়ার যুক্তিসঙ্গত ভয়ের কারণে শিশুরা যেসব ব্যাঘাতের সম্মুখীন হয় সেগুলো তাদের জন্য ক্লাসরুমে শিক্ষা গ্রহণ করাকে নিম্ন অগ্রাধিকারে পরিণত করে। যেসব স্কুলে সঙ্গতিপূর্ণ নীতিমালা নেই সেখানে ক্লাসরুমে অপ্রয়োজনীয় সমস্যা ও ক্ষমতা নিয়ে দ্বন্দ্বে লিপ্ত হওয়ার ঘটনা ঘটতে দেখা যায়, এবং আমার নির্বাচনী এলাকার বহু মানুষ, যাদের সঙ্গে আমি কথা বলেছি, আমাদের শিশুদের জন্য মনোযোগ বিক্ষিপ্তকারী ইলেক্ট্রনিক উপায় থেকে মুক্ত শিক্ষা নিশ্চিত করার জন্য স্টেটব্যাপী মানদণ্ড পেতে চেয়েছেন। এই লক্ষ্য শেয়ার করার জন্য এবং তরুণ ব্যক্তিদের জন্য আরো বেশি নিরাপদ, আরো বেশি ফলপ্রসূ শিক্ষা গ্রহণের পরিবেশ তৈরি করতে স্কুলগুলোকে সাহায্য করার জন্য স্টেটের তহবিল নিবেদিত করতে তার আগ্রহের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।"

অ্যাসেম্বলি সদস্য Manny De Los Santos (ম্যানি ডি লস সান্তোস) বলেন, "একজন বাবা, আইন প্রণেতা ও স্কুলের সোশ্যাল ওয়ার্কার হিসেবে, স্মার্টফোন শিক্ষার জন্য যেসব চ্যালেঞ্জ সৃষ্টি করে সেগুলো আমি সরাসরি দেখেছি। গভর্নর Hochul (হোকল)-এর উদ্যোগ আমাদের স্কুলগুলো যাতে শিক্ষা গ্রহণের স্থান হিসেবে বিদ্যমান থাকে সে বিষয়টি নিশ্চিত করছে, এবং একইসাথে বাবা-মায়েদেরকে মানসিক প্রশান্তি প্রদান করছে। এটি সাধারণ বিবেচনা বোধের সাথে সঙ্গতিপূর্ণ একটি প্রচেষ্টা যা আমাদের শিশুদের মানসিক স্বাস্থ্য ও সুস্থতার কথা সবার আগে বিবেচনা করে।"

অ্যাসেম্বলি সদস্য Brian Cunningham (ব্রায়ান কানিংহ্যাম) বলেন, "এই প্রস্তাব ক্লাসরুমের নিরাপত্তা উন্নত করা, মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস কমিয়ে আনা, এবং বাবা-মায়েরা যাতে স্কুলে থাকাকালীন তাদের সন্তানদের সাথে যোগাযোগ করতে পারেন সে বিষয়টি নিশ্চিত করার মধ্যে একটি ভারসাম্য প্রতিষ্ঠা করছে। স্কুলগুলোকে সংস্থানসমূহ ও নমনীয়তা প্রদান করার মাধ্যমে, গভর্নর Hochul (হোকল) শিক্ষক ও শিক্ষার্থীদেরকে সাফল্য অর্জন করা এবং শিক্ষা গ্রহণের ফলাফল উন্নত করার জন্য প্রয়োজনীয় হাতিয়ার প্রদান করছেন।"

অ্যাসেম্বলি সদস্য George Alvarez (জর্জ আলভারেজ) বলেন, "এই উদ্যোগ বর্তমানে আমাদের স্কুলগুলোতে বিদ্যমান সবচেয়ে গুরুতর সমস্যাগুলোর মধ্যে একটি সমস্যাকে মোকাবেলা করছে যেটি শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণকে প্রভাবিত করছে। শিক্ষার্থীদেরকে শিক্ষা গ্রহণে সম্পৃক্ত রাখার জন্য এবং ক্লাসরুমে মনোযোগ বিক্ষিপ্ত করার মতো ডিজিটাল উপায়গুলো কমিয়ে আনার জন্য আমাদেরকে অবশ্যই যথাসাধ্য চেষ্টা করতে হবে। গভর্নর Hochul (হোকল)-

এর পরিকল্পনা শুধু একাডেমিক ফলাফল উন্নতই করবে না, বরং আমাদের শিক্ষার্থীদের মানসিক সুস্থতাকেও সমর্থন করবে।"

আলবানি কাউন্টির এক্সিকিউটিভ Dan McCoy (ড্যান ম্যাককয়) বলেন, "মোবাইল ফোন শিক্ষার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা হয়ে উঠেছে, এবং এই প্রস্তাব শুধু আরো বেশি উপযোগী একটি শিক্ষার পরিবেশ তৈরিই করবে না, বরং শিক্ষার্থীরা প্রতিনিয়ত সংযুক্ত থাকার চাপ অনুভব না করায় মানসিক স্বাস্থ্যও উন্নত হবে।"

ইথাকা সিটির মেয়র Robert Cantelmo (রবার্ট ক্যান্টেলমো) বলেন, "আমরা বার বার দেখতে পেয়েছি যে তাদের ভিত্তির তুলনায় আমাদের শিশুদেরকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমরা টেক কোম্পানিগুলোর উপর নির্ভর করতে পারবো না। ক্লাসরুমে আসক্তি সৃষ্টি করার মতো মোবাইল ফোনের ব্যবহার বন্ধ রাখার জন্য অ্যাডমিনিস্ট্রেটরদের ক্ষমতায়ন করার মাধ্যমে শিক্ষা গ্রহণ এবং আমাদের শিক্ষাগত পরিবেশকে অগ্রাধিকার দেওয়ার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল) একটি দৃঢ় পদক্ষেপ গ্রহণ করছেন। এই উদ্যোগের বাস্তবায়ন সহজতর করার জন্য এটির সঙ্গে 13.5 মিলিয়ন ডলারের প্রস্তাবিত অর্থায়ন যোগ করায় আমি গভর্নরের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করছি।"

নায়াগ্রা ফলস CSD-এর সুপারিন্টেন্ডেন্ট Mark Laurrie (মার্ক লরি) বলেন, "একজন সুপারিন্টেন্ডেন্ট হিসেবে এই অত্যন্ত গুরুত্বপূর্ণ সমস্যা মোকাবেলা করার ক্ষেত্রে গভর্নরের নেতৃত্বকে আমি সাধুবাদ জানাই। আমাদের সবার আরো অনেক কাজ করতে হবে, কিন্তু সবশেষে এর ফলে স্কুলগুলো এবং আমাদের স্টেট আরো উন্নত হবে।"

মেইন এন্ডওয়েল CSD-এর সুপারিন্টেন্ডেন্ট Jason Van Fossen (জ্যাসন ভ্যান ফসেন) বলেন, "মেইন এন্ডওয়েলে আমরা বিশ্বাস করি যে প্রত্যেক শিক্ষার্থীর কাছে প্রথম শ্রেণির শিক্ষা পৌঁছে দেওয়ার জন্য আমাদের মিশনকে এগিয়ে নিয়ে যাওয়ার চাবিকাঠি হলো মনোযোগ বিক্ষিপ্তকারী বহিরাগত জিনিসগুলো দূর করা। 2022 সালে, দেশজুড়ে স্কুলগুলোতে মোবাইল ডিভাইসের ব্যবহার ক্রমশ বৃদ্ধি পাওয়ায়, আমাদের ডিস্ট্রিক্ট সব শিক্ষা গ্রহণের সময়কালে এধরনের ডিভাইস (যেমন স্মার্টফোন, ঘড়ি, ইত্যাদি) ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করতে আমাদের আনুষ্ঠানিক আচরণবিধি সংশোধন করার মাধ্যমে একটি স্বতস্ফূর্ত পদক্ষেপ গ্রহণ করেছিল। আমাদের স্কুল ভবনের ভেতরে শিক্ষা ও নিরাপত্তা প্রথম অগ্রাধিকার হিসেবে থাকার বিষয়টি নিশ্চিত করতে পদক্ষেপ গ্রহণ করার ক্ষেত্রে আমরা গভর্নরকে সমর্থন করি।"

গ্রিস-সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্টের (Central School District, CSD) সুপারিন্টেন্ডেন্ট Jeremy Smalline (জেরেমি স্মললাইন) বলেন, "গ্রিস সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট গভর্নরের মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত স্কুলের নীতিমালাকে (Distraction Free Schools Policy) সমর্থন করে। মাত্রাতিরিক্ত স্ক্রিন টাইমের সাথে সম্পর্কিত মানসিক স্বাস্থ্য ও একাডেমিক পারফর্ম্যান্স নিয়ে গভর্নরের উল্লেখ করা উদ্বেগসমূহের পাশাপাশি আমরা আরো যোগ করতে চাই যে আমাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে আচরণ সংক্রান্ত উদ্বেগ একটি উল্লেখযোগ্য কারণ ছিল। সমস্যাজনক আচরণ, যেমন হয়রানি করাকে খারাপের দিকে নিয়ে যাওয়ার হাতিয়ার হিসেবে মোবাইল ফোনের ভূমিকা প্রমাণিত হয়েছে। গ্রিসে এই উদ্যোগ চালু করার ক্ষেত্রে কৌশলগত

পরিকল্পনা ও যোগাযোগ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এটি কোনোভাবেই নিখুঁত ছিল না, কিন্তু নীতিমালা রচনা করতে, কিশোর-কিশোরীদের উপর মোবাইল ফোনের প্রভাব নিয়ে গবেষণা করতে, এবং বোর্ড ও কমিউনিটির সাথে যোগাযোগ করতে আমরা যে সময় ব্যয় করেছি তা অত্যন্ত সহায়ক ছিল। গত কয়েক মাসে, আমাদের নীতিমালা উন্নয়ন ও বাস্তবায়ন সম্পর্কে আমরা কয়েক বার প্রেজেন্টেশন দিয়েছি, যার মধ্যে মনরো কাউন্টি স্কুল সুপারিন্টেন্ডেন্টস অ্যাসোসিয়েশন (Monroe County School Superintendents Association) এবং ওয়েস্টার্ন NY মিডল স্কুল প্রিন্সিপালস অ্যাসোসিয়েশন (Western NY Middle School Principals Association)-এর সঙ্গে আয়োজিত সেশন অন্তর্ভুক্ত ছিল।"

বিংহ্যামটন CSD-এর সুপারিন্টেন্ডেন্ট Tonia Thompson (টোনিয়া থম্পসন) বলেন, "স্কুল ও ক্লাসরুম হলো এমন জায়গা যেখানে মোবাইল ফোনে মেসেজ চেক করা ও সোশ্যাল মিডিয়া ব্যবহার করার মতো মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিসগুলো বাদ দিয়ে শিক্ষার্থীদের তাদের শিক্ষক ও সহপাঠীদের সাথে শিক্ষা গ্রহণে সম্পৃক্ত হওয়া উচিত। বিংহ্যামটন সিটি স্কুল ডিস্ট্রিক্ট আমাদের হাই স্কুল ও মিডল স্কুলগুলোতে নো-ফোন নীতিমালা বাস্তবায়ন করার পর থেকে, শিক্ষার্থীদের মনোযোগ ও অংশগ্রহণ লক্ষ্যণীয়ভাবে বেড়ে গেছে। এটি শিক্ষা গ্রহণের স্থানগুলো যাতে বিশ্বাস করা, অন্তর্ভুক্ত করা ও বড় হয়ে উঠাকে সমর্থন করে সে বিষয়টি নিশ্চিত করার জন্য ডিস্ট্রিক্টের মিশন উপলব্ধি করতেও সবাইকে সহায়তা করেছে। নিউ ইয়র্ক জুড়ে সব স্কুলে একটি নীতিমালা থাকা সব শিক্ষার্থীর জন্য আরো ভালো ফলাফল নিয়ে আসার জন্য সহায়তা প্রদান করতে সাহায্য করবে।"

ভেস্টাল CSD-এর সুপারিন্টেন্ডেন্ট Clifford Kasson (ক্লিফোর্ড ক্যাসন) বলেন, "ভেস্টাল সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্টে, আমরা আমাদের মিডল স্কুল ও হাই স্কুলে শিক্ষার্থীদের ব্যক্তিগত ডিভাইসগুলো সীমিত করে দেওয়ার একটি পরিকল্পনা বাস্তবায়ন শুরু করেছি। উভয় স্কুলে আমরা শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণ ও পাঠে সম্পৃক্ততা উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি পেতে দেখেছি। আমাদের শিক্ষকরা শিক্ষাদান করতে সক্ষম হচ্ছেন, এবং আমাদের শিক্ষার্থীদের মনোযোগ কম বিক্ষিপ্ত হচ্ছে এবং নিশ্চিতভাবেই তারা শিক্ষা গ্রহণে আরো বেশি সম্পৃক্ত রয়েছে। আমরা সোশ্যাল মিডিয়ায় নিপীড়ন ও হয়রানির কারণে শিক্ষার্থীদের শাস্তি পাওয়া কমে যেতে লক্ষ করেছি। সর্বোপরি, এটি সফলতা অর্জন করেছে এবং আমরা স্কুলের দিনগুলোতে ব্যক্তিগত ডিভাইসের অ্যাক্সেস অপেক্ষাকৃত কম রেখে শিক্ষার্থীদের শিক্ষা গ্রহণে সম্পৃক্ত হওয়ার প্রতি জোর দেওয়া অব্যাহত রাখবো। আমি আনন্দিত যে এসব প্রচেষ্টা নিউ ইয়র্ক স্টেট জুড়ে সম্প্রসারিত হবে।"

ভেস্টাল CSD-এর প্রিন্সিপাল Sarah Wiggins (সারা উইগিন্স) বলেন, "নিউ ইয়র্ক স্টেটে ক্লাসরুম থেকে স্মার্টফোন অপসারণ করা একটি নিরাপদ ও মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত একটি স্থান তৈরি করবে যা শিক্ষার্থীদেরকে তাদের পূর্ণ সম্ভাবনা কাজে লাগানোর সুযোগ করে দিবে।"

কাউন্সিল অব স্কুল সুপারভাইজর্স এন্ড অ্যাডমিনিস্ট্রেটর্স (Council of School Supervisors and Administrators, CSA)-এর প্রেসিডেন্ট Henry Rubio (হেনরি রুবিও) বলেন, "স্কুলের নেতৃবৃন্দ প্রত্যক্ষভাবে জানেন যে মোবাইল ফোনের মাত্রাতিরিক্ত ব্যবহারের

ক্ষতিকর প্রভাব রয়েছে, যার মধ্যে স্কুলগুলোতে ব্যাঘাত সৃষ্টি হওয়া এবং শিক্ষা গ্রহণ থেকে মনোযোগ বিক্ষিপ্ত হওয়া অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোর জন্য যুক্তিসঙ্গত হবে এমন একটি মোবাইল ফোন সংক্রান্ত নীতিমালার জন্য এবং প্রয়োগ সংক্রান্ত চ্যালেঞ্জগুলোর উপর আলোকপাত করার জন্য CSA গভর্নরের টিমের সাথে মিটিং করে আসছে। আমরা বিশ্বাস করি যে ফোন সংগ্রহ করার জন্য অবশ্যই একটি সঙ্গতিপূর্ণ প্রটোকল থাকতে হবে, এবং সেইসাথে এই নিষিদ্ধ করার আদেশকে উপেক্ষা করা শিক্ষার্থীদের ব্যাপারে অর্থপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার ব্যবস্থা থাকতে হবে, এবং আমরা আনন্দিত যে এই প্রস্তাবে বাবা-মায়ের জন্য দিনের বেলায় শিক্ষার্থীদের সাথে যোগাযোগ করার ব্যবস্থা রাখা আবশ্যক করা হয়েছে। আমরা গভর্নরের সঙ্গে একটি বিল চূড়ান্ত করার জন্য অব্যাহতভাবে কাজ করে যাবো, যেটি স্কুলগুলোকে সফলভাবে বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় তহবিল ও কর্মী প্রদান করে সহায়তা করবে।"

টিমস্টার্স লোকাল 237 (Teamsters Local 237)-এর প্রেসিডেন্ট Gregory Floyd (গ্রেগরি ফ্লয়েড) বলেন, "সরকারি স্কুলগুলোতে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার করার ক্ষেত্রে আমরা উভয় ধরনের পরিস্থিতির সম্মুখীন হয়েছি: মেয়র Bloomberg (ব্লুমবার্গ)-এর অধীনে কোনো মোবাইল ফোন ব্যবহারের সুযোগ ছিল না। DeBlasio (ডি ব্লাসিও) সেটি ফিরিয়ে এনেছেন। মোবাইল ফোন ছাড়াই ভালো কাজ হয়েছিল। এখন, গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাব অনুযায়ী, মনোযোগ বিক্ষিপ্ত করার মতো কোনো কিছু থাকবে না এবং আরো বেশি শিক্ষা গ্রহণের সুযোগ থাকবে।"

ফোন ফ্রি NY (Phone Free NY)-এর প্রতিষ্ঠাতা, টেক CEO Raj Goyle (রাজ গয়েল) বলেন, "ফোনবিহীন স্কুলের একজন শিক্ষার্থী হিসেবে আমার কন্যার ক্ষেত্রে আমি দেখেছি যে, স্কুলে থাকা অবস্থায় তার ফোনের দিকে তাকিয়ে না থাকার ফলে বাড়িতে তার স্ক্রিন টাইম কমে গেছে। মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত একটি শিক্ষার পরিবেশ সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ একটি নীতিমালা যা সবাইকে উপকৃত করে।"

দ্য সাসটেইনেবল মিডিয়া সেন্টার (The SustainableMedia.Center)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Steven Rosenbaum (স্টিভেন রোজেনবাম) বলেন, "দ্য সাসটেইনেবল মিডিয়া সেন্টার তরুণ ব্যক্তিদের জন্য একটি নিরাপদ ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরি করার উপায় খুঁজতে তরুণ ব্যক্তি, প্রযুক্তিবিদ ও বাবা-মায়েদের সঙ্গে কাজ করছে। এটি স্পষ্ট যে যতদিন পর্যন্ত এসব প্রযুক্তি প্ল্যাটফর্ম বিজ্ঞাপন বিক্রি করার জন্য লোকজন ও তাদের রাগের চেয়ে নিজেদের মুনাফাকে প্রাধান্য দিবে, ততদিন সোশ্যাল মিডিয়ার অবস্থা তরুণ ব্যক্তিদের জন্য বিপজ্জনক থাকবে। এটি সম্পূর্ণরূপে স্পষ্ট যে ফোনবিহীন স্কুল এমন একটি উদ্যোগ যা অবশ্যই চালু করতে হবে, এবং এই সাহসী ও গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করায় আমরা গভর্নরের প্রশংসা করি।"

হয়রানির বিরুদ্ধে লং আইল্যান্ড কোয়ালিশন (The Long Island Coalition Against Bullying)-এর প্রতিষ্ঠাতা ও এক্সিকিউটিভ ডিরেক্টর Joseph A. Salamone (জোসেফ এ. সালামোন) বলেন, "স্কুলের দিনে স্মার্টফোনের ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার মাধ্যমে, আমরা আরো বেশি নিরাপদ স্থান তৈরি করছি যেখানে একাডেমিক পারফর্ম্যান্সের প্রতি জোর দেওয়া হয়, সম্পৃক্ততাকে উৎসাহিত করা হয়, ব্যক্তির সঙ্গে সম্পর্ক তৈরির সুযোগ লালন করা হয়, এবং মানসিক সুস্থতাকে অগ্রাধিকার দেওয়া হয়। এই প্রচেষ্টা শুধু শিক্ষার্থীদেরকে

নিজেদের শিক্ষার প্রতি মনোযোগ দিতে সাহায্যই করে না, বরং পর্যবেক্ষণ না করা ডিজিটাল ইন্টারঅ্যাকশনের মাধ্যমে উদ্ভূত হতে পারে এমন হয়রানির সম্ভাব্য ট্রিগারগুলো কমিয়ে আনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ সামাজিক ও মানসিক বৃদ্ধিতে সহায়তাও করে। আমাদের বাচ্চাদেরকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখার জন্য এই অপরিহার্য পদক্ষেপ গ্রহণ করার জন্য আমি গভর্নরের প্রশংসা করি।"

EAC নেটওয়ার্ক (EAC Network)-এর প্রেসিডেন্ট ও CEO Neela Mukherjee Lockel (নিলা মুখার্জি লোকেল) বলেন, "EAC নেটওয়ার্ক স্কুলগুলোতে স্মার্টফোনের ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার জন্য এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্কুলগুলোতে মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস থেকে মুক্ত শিক্ষা গ্রহণ নিশ্চিত করার জন্য গভর্নরের প্রচেষ্টাকে সমর্থন করে। বাবা-মা ও নীতি নির্ধারকদেরকে অবশ্যই ফোনবিহীন নীতিমালা সমর্থনে একসঙ্গে কাজ করতে হবে। স্কুলগুলোকে মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিসের পরিবর্তে শিক্ষাকে অগ্রাধিকার দিতে সাহায্য করার ক্ষেত্রে বাবা-মায়ের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এখন আমাদের শিক্ষার্থীদেরকে অ্যাপ, লাইক, ও সোয়াইপের মতো মানসিক ও একাডেমিক ক্ষতি থেকে সুরক্ষিত রাখার জন্য সাহসী পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।"

ফ্যামিলি এন্ড চিলড্রেন্স অ্যাসোসিয়েশন (Family & Children's Association)-এর প্রেসিডেন্ট ও CEO Jeffrey L. Reynolds (জেফরি এল. রেনল্ডস) বলেন, "শিশুদের মানসিক স্বাস্থ্যের উপর সোশ্যাল মিডিয়ার প্রভাব এবং মোবাইল ফোন যেসব উপায়ে শিক্ষা গ্রহণে ব্যাঘাত ঘটায় সে সম্পর্কে আমরা যা জানি তা বিবেচনায় নিয়ে, আমরা গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাবিত শুরুর ঘণ্টা বাজা থেকে ছুটির ঘণ্টা বাজা পর্যন্ত মোবাইল ফোন নিষিদ্ধ করার নীতিমালাকে উৎসাহের সাথে সমর্থন করছি। স্টেটজুড়ে নিষিদ্ধকরণ, এবং সেইসাথে স্কুলগুলোকে নতুন আইন বাস্তবায়নে সাহায্য করার জন্য সংস্থানসমূহে বিনিয়োগ করার ফলে শিক্ষকদের ও স্কুল অ্যাডমিনিস্ট্রেটরদের জন্য এসব বিধিনিষেধ সর্বজনীনভাবে বাস্তবায়ন ও প্রয়োগ করা সহজতর হবে, এবং একইসাথে ফোনবিহীন স্কুলের দিনের সাথে সম্পর্কিত সুফলগুলো বুঝতে পারা বাবা-মায়েদেরকে সহায়তা করবে।"

ইয়ুথ এনরিচমেন্ট সার্ভিসেস (Youth Enrichment Services, YES)-এর চিফ এক্সিকিউটিভ অফিসার MaryAnn Pfeiffer (ম্যারি অ্যান ফেইফার) বলেন, "YES উচ্ছসিত যে স্কুলের দিনে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহারের বিষয়টি আরো ফলপ্রসূ উপায়ে মোকাবেলা করার একটি কৌশল হিসেবে গভর্নর Hochul (হোকল) মোবাইল ফোন ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার প্রস্তাব দিয়েছেন। স্কুলের দিনে মোবাইল ফোন ব্যবহার করাটা বেশ কিছু সময় ধরে শুধু শিক্ষার্থীদের একাডেমিক পারফম্যান্সের ক্ষেত্রেই সমস্যা সৃষ্টি করছে না, বরং এটি নিরাপত্তা ও মানসিক স্বাস্থ্য সংক্রান্ত উদ্বেগও সৃষ্টি করছে। টেক্সটিংয়ের অবাধ ব্যবহার, সোশ্যাল মিডিয়ায় সম্পৃক্ততা এবং স্কুলের সাথে সম্পর্কিত নয় এমন অন্যান্য ক্রিয়াকলাপের কারণে ক্লাসরুমের অত্যন্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা মিস হয়ে যেতে পারে, যার ফলে স্কুলের পারফর্ম্যান্স খারাপ হতে পারে। এছাড়াও এটি অনলাইনে হয়রানি, ট্রোলিং, শিক্ষার্থীদের বাদ পড়ার অনুভূতি (feelings of missing out, FOMO), বিষণ্নতা, দুশ্চিন্তা ও মানসিক স্বাস্থ্যের উপর অন্যান্য নেতিবাচক প্রভাবের দিকে নিয়ে যেতে পারে। শিক্ষার্থীদেরকে প্রতিদিন কয়েক ঘণ্টার জন্য মোবাইল ফোন ব্যবহার করার জন্য 'বিরতি' দেওয়া অ্যাকাডেমিক পারফর্ম্যান্স, সরাসরি

উপস্থিত হয়ে সামাজিক সম্পৃক্ততা/ইন্টারঅ্যাকশনে অংশ নেওয়া এবং সর্বোপরি মানসিক স্বাস্থ্য উন্নত করার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব ফেলবে। আমাদের সংস্থা ও কর্মীরা এই উদ্যোগকে সমর্থন করতে পেরে উচ্ছসিত এবং আমরা আমাদের স্কুল পরবর্তী, সন্ধ্যার ও গ্রীষ্মকালের কর্মসূচিতে এটি বাস্তবায়ন করার প্রত্যাশা রাখি।"

দ্য সোফি ফান্ড (The Sophie Fund)-এর সহ-প্রতিষ্ঠাতা Scott MacLeod (স্কট ম্যাকলিওড) বলেন, "আমাদের তরুণ ব্যক্তিদের সম্মুখীন হওয়া মানসিক স্বাস্থ্য সংক্রান্ত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করার ক্ষেত্রে তার শক্তিশালী প্রচেষ্টার জন্য দ্য সোফি ফান্ড গভর্নর Hochul (হোকল)-এর প্রতি অত্যন্ত কৃতজ্ঞ। স্কুলগুলোতে স্মার্টফোন ব্যবহারের উপর বিধিনিষেধ আরোপ করার জন্য গভর্নরের এই উদ্যোগ আমাদের শিশুদেরকে শ্রেণির কাজের প্রতি মনোযোগী রাখা এবং বর্তমানের তরুণ সংস্কৃতিতে ডিজিটাল ওভারলোডের সাথে সম্পর্কিত ক্ষতি থেকে আরো বেশি নিরাপদ রাখার ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি পদক্ষেপ। আমরা জানি যে স্কুলের দিনে শিক্ষার্থীদের ও শিক্ষকদের জন্য স্মার্টফোন ব্যবহার করাটা প্রতিনিয়ত মনোযোগ বিক্ষিপ্ত করার মতো একটি জিনিস। আমরা আরো জানি যে আসক্তি তৈরি করার মতো স্ক্রলিং এবং সোশ্যাল মিডিয়ায় ইন্টারঅ্যাকশনের সাথে বিষণ্নতা, দুশ্চিন্তা, একাকীত্ব, সাইবার হয়রানি, এবং এমনকি আত্মহত্যার চিন্তাভাবনা করার সম্পর্ক রয়েছে। প্রযুক্তিগতভাবে উন্নত অথচ সর্বব্যাপী ব্যবহার হওয়া ডিভাইস যেমন স্মার্টফোনের মাধ্যমে ডিজিটাল যোগাযোগ সমাজে তুলনামূলকভাবে নতুন এবং প্রচণ্ড ক্ষমতাশালী একটি শক্তি। এটির বহু সুফল থাকা সত্ত্বেও, শিশুদের সামাজিক ও মানসিক বিকাশের ক্ষেত্রে এটি বড় ধরনের চ্যালেঞ্জ সৃষ্টি করছে। দৈনন্দিন জীবনে এটির কল্পনা করা ব্যবহারিক প্রভাব উপলব্ধি করা সত্ত্বেও, আমাদের এই বিপজ্জনক ডিজিটাল যুগে বেড়ে উঠা শিশুদের মানসিক সুস্থতাকে সুরক্ষিত রাখার কাজকে জোরদার করার জন্য বাবা-মা, স্কুলের কর্মী, এবং তরুণদের সেবা প্রদান করা সব পেশাজীবীর প্রতি পদক্ষেপ গ্রহণ করার আহবান হিসেবে গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাবকে আমরা স্বাগত জানাই।"

দ্য চিলড্রেন্স এজেন্ডা (The Children's Agenda)-এর CEO Larry Marx (ল্যারি মার্ক্স) বলেন, "দ্য চিলড্রেন্স এজেন্ডা বিশ্বাস করে যে স্কুলের সময়ে মোবাইল ফোনের ব্যবহার সীমিত করে দেওয়া একটি মূল্যবান লক্ষ্য এবং হয়রানি কমানো এবং একাডেমিক ফলাফল উন্নত করার ক্ষেত্রে বিশেষভাবে সহায়ক, বিশেষ করে নিম্ন-আয়ের পরিবারের শিক্ষার্থীদের জন্য। স্কুলগুলো তাদের বাজেট নিয়ে কোনো অনাকাঙ্ক্ষিত পরিণতির সম্মুখীন হবে না তা নিশ্চিত করতে বাস্তবায়নের জন্য তহবিল প্রদান করা এবং সোশ্যাল মিডিয়ার অতিরিক্ত ব্যবহারকে খেলার মাঠ ও চিত্তবিনোদনমূলক কর্মসূচির বর্ধিত অ্যাক্সেস দিয়ে প্রতিস্থাপন করবে এমন সামাজিক আউটলেট ও সংযোগসমূহ সম্প্রসারণ করতে তার 'আনপ্লাগ এন্ড প্লে' উদ্যোগে ('Unplug and Play' initiative) অর্থায়ন করার জন্য গভর্নরের সিদ্ধান্তকে আমরা সাধুবাদ জানাই। শুধু মোবাইল ফোন ব্যবহার করা যাতে বহিস্কার করার মতো কোনো অপরাধ না হয়ে উঠে সে বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে শিক্ষার্থীদের অনাকাঙ্ক্ষিত পরিণতির সম্মুখীন হওয়া প্রতিরোধ করতেও আমরা স্টেটের প্রতি আহবান জানাচ্ছি।"

লেক শোর সেন্ট্রাল স্কুল ডিস্ট্রিক্ট (Lake Shore Central School District)-এর সুপারিন্টেন্ডেন্ট Daniel W. Pacos (ড্যানিয়েল ডব্লিউ. প্যাকোস) বলেন, "সরকারি স্কুলের একজন সুপারিন্টেন্ডেন্ট হিসেবে, আমাদের স্কুলগুলোতে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার

করার ফলে দেখা দেওয়া সমস্যাগুলো মোকাবেলা করার জন্য গভর্নর Hochul (হোকল)-এর সিদ্ধান্তকে আমি সাধুবাদ জানাই। শিক্ষা গ্রহণের প্রক্রিয়া থেকে সহজে মনোযোগ বিক্ষিপ্ত হওয়া থেকে শুরু করে সোশ্যাল মিডিয়ার প্রতি আসক্তি ও অনলাইনে হয়রানি ও সামাজিক বিচ্ছিন্নতার শিকার হওয়া পর্যন্ত, শিশুদের মোবাইল ফোন ব্যবহার করা শিক্ষক, অ্যাডমিনিস্ট্রেটর ও বাবা-মায়েদের জন্য বহু সমস্যা সৃষ্টি করে থাকে। এসব সমস্যার মূল কারণ মোকাবেলা করা একটি সাহসী পদক্ষেপ এবং নিঃসন্দেহে স্কুলে শিক্ষার্থীদের মোবাইল ফোন ব্যবহার করাকে সমর্থন করেন এমন শিক্ষার্থী ও বাবা-মায়েদের সমালোচনার সম্মুখীন হবে। গভর্নর Hochul (হোকল)-এর প্রস্তাবিত পরিকল্পনা স্কুল ডিস্ট্রিক্টগুলোকে 'সবার জন্য একই পরিকল্পনা' নয় বরং নিজেদের ডিস্ট্রিক্টের জন্য কাজ করবে এমন একটি পরিকল্পনা তৈরি করার সক্ষমতা প্রদান করবে। স্কুলগুলোকে তাদের পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করার জন্য তহবিল প্রদান করার প্রতিশ্রুতি অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এই প্রস্তাবকে স্কুল ডিস্ট্রিক্টগুলোর জন্য পালনযোগ্য করে তুলেছে। এছাড়া এটিও বুঝা যাচ্ছে যে যেহেতু প্রতিটি ডিস্ট্রিক্ট বাস্তবায়নের জন্য এটির নিজস্ব পরিকল্পনা তৈরি করতে পারবে, তাই প্রতিটি ডিস্ট্রিক্টের কাছে যেকোনো সমস্যা মোকাবেলা করার এবং/অথবা পরিকল্পনা উন্নত করার জন্য সেটি সমন্বয় করার সক্ষমতা থাকবে। ডিস্ট্রিক্টগুলোর জন্য স্কুলের দিনে নিজেদের সন্তানদের সাথে বাবা-মায়েদের যোগাযোগ করতে সক্ষম হওয়ার বিষয়টি সমাধান করাও আবশ্যক হবে, যা বাবা-মায়েদের উদ্বেগগুলো মোকাবেলা করতে সাহায্য করবে। এছাড়া, ডিস্ট্রিক্টগুলোকে একটি পরিকল্পনা তৈরি করার ম্যান্ডেট প্রদান করার মাধ্যমে, স্টেট ডিস্ট্রিক্টগুলোকে নিউ ইয়র্ক স্টেটের সমর্থন নিয়ে আমরা যেভাবে উপযুক্ত মনে করি সেভাবে সমস্যাগুলো সমাধান করার সক্ষমতা প্রদান করেছে। এই গুরুত্বপূর্ণ বিষয়ে একসঙ্গে কাজ করাটা কাঙ্ক্ষিত ফলাফল অর্জন করাকে আরো সহজ করে তুলবে।"

WNY এডুকেশন ইকুইটি টাস্ক ফোর্স (WNY Education Equity Task Force)-এর সহ-আহবায়ক Samuel L. Radford III (স্যামুয়েল এল. র‍্যাডফোর্ড III) বলেন, "সমতাপূর্ণ শিক্ষা বাস্তবায়নের ক্ষেত্রে আমাদের প্রচেষ্টায়, আমাদেরকে অবশ্যই শুধু যে মনোযোগ বিক্ষিপ্তকারী জিনিস কমিয়ে আনে এমন নীতিমালাকে অগ্রাধিকার দিতে হবে তাই নয়, বরং আমাদের শিক্ষার্থী, পরিবার, ও শিক্ষকদের বৈচিত্র্যপূর্ণ চাহিদাকে সম্মানও করতে হবে। স্কুলগুলোতে স্মার্টফোনের ব্যবহার সীমিত করে দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-এর উদ্যোগ শিক্ষার্থীরা একাডেমিকভাবে, সামাজিকভাবে, ও মানসিকভাবে সমৃদ্ধি অর্জন করতে পারবে এমন পরিবেশ গড়ে তোলার জন্য আমাদের শেয়ার করা লক্ষ্যের সাথে সঙ্গতিপূর্ণ। তবে, WNY এডুকেশন ইকুইটি টাস্ক ফোর্স-এর সহ-আহবায়ক হিসেবে, আমরা সূক্ষ্ম প্রচেষ্টা গ্রহণের প্রতি সমর্থন জানাচ্ছি, যেক্ষেত্রে কমিউনিটির মতামত সম্পৃক্ত থাকবে, প্রযুক্তির দায়িত্বপূর্ণ ব্যবহারের প্রসার ঘটানো হবে, এবং সব শিক্ষার্থীর জন্য নিরাপত্তা ও অ্যাক্সেস নিশ্চিত করা হবে। একসঙ্গে, আমরা মনোযোগী ও অন্তর্ভুক্তিমূলক উভয় বৈশিষ্ট্যসম্পন্ন শিক্ষা গ্রহণের স্থান তৈরি করতে পারবো।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন